# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

স্মারক নংঃ চশিবো/ক-শা/চট্ট-উঃ(সন্দ্বীপ)/২৭৫/২০০৪(অংশ-১)/ ৩১৪(২) তারিখ ঃ ৮/০৪/২০২৪খ্রিঃ

**বিষয়ঃ অস্থায়ী স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।**

সূত্র : পরিদর্শন কর্মকর্তার প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানান যাচ্ছে যে, **উত্তর সন্দ্বীপ ডিগ্রী কলেজ, সন্দ্বীপ, চট্টগ্রাম**-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে নিম্নোক্ত শাখা ও বিষয় সমূহে ০১/৭/২০২৩ তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য অর্থাৎ ৩০/০৬/২০২৬ পর্যন্ত অস্থায়ী স্বীকৃতি নবায়ন করা হল। অস্থায়ী স্বীকৃতির সময়সীমা ৩০/৬/২০২৬ তারিখে অতিক্রান্ত হওয়ার পর পুনরায় অস্থায়ী স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং বর্ণিত কলেজ পাঠদান/ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে।

**শাখা ও বিষয়সমূহঃ**

| শাখা | বিষয়সমূহ | |
|---|---|---|
| | আবশ্যিক | শাখা ভিত্তিক |
| বিজ্ঞান | বাংলা, ইংরেজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | (১) পদার্থ বিজ্ঞান (২) রসায়ন (৩) জীব বিজ্ঞান (৪) উচ্চতর গণিত |
| মানবিক | বাংলা, ইংরেজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | (১) অর্থনীতি (২) পৌরনীতি ও সুশাসন (৩) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (৪) যুক্তিবিদ্যা |
| ব্যবসায় শিক্ষা | বাংলা, ইংরেজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | (১) হিসাব বিজ্ঞান (২) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (৩) ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (৪) অর্থনীতি |

বি.দ্রঃ প্রত্যেক শিক্ষাবর্ষের জন্য প্রণীত সিলেবাসের গুচ্ছানুযায়ী এক শাখার ছাত্র/ ছাত্রীগণ অন্য শাখার বিষয়/ বিষয়সমূহ অধ্যয়ন করতে পারবে।

**শর্তাবলীঃ**

১। বিধি মোতাবেক একজনক নিয়মিত অধ্যক্ষ নিয়োগ করতে হবে ;
২। বিজ্ঞান বিভাগে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করতে হবে ;
৩। বিজ্ঞানাগারগুলোর জন্য আরো বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি ক্রয় করতে হবে;
৪। এইচএসসি পরীক্ষার পাশের হার আরো বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করতে হবে ;
৫। বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণারে আরো তথ্যবহুল বই সংযোজন করতে হবে ।

Ahsan ৮/৪/২৪
(প্রফেসর মোঃ জাহেদুল হক)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।

প্রাপক
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
উত্তর সন্দ্বীপ ডিগ্রী কলেজ,
বাণিরহাট, সন্দ্বীপ, চট্টগ্রাম

স্মারক নংঃ চশিবো/ক-শা/চট্ট-উঃ(সন্দ্বীপ)/২৭৫/২০০৪(অংশ-১)/ তারিখ ঃ /০৪/২০২৪খ্রিঃ

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :**

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
৩. অফিস নথি।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।